গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(ব্যবসা-বাণিজ্য শাখা)
www.dinajpur.gov.bd

## নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে জেলা পর্যায়ে গঠিত টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : শাকিল আহমেদ
জেলা প্রশাসক
দিনাজপুর।

স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

সভার তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৪

সভার সময়: সকাল ১১:৩৫ ঘটিকা।

(সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো)

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর কর্তৃক গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে সভায় অনুমোদিত হয়। অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ মতে পরিচালিত অভিযানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি বলেন যে, অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ মতে দিনাজপুর জেলায় ডিলিং লাইসেন্স ইস্যুর হার বৃদ্ধির জন্য প্রতিনিয়ত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। বিধি লঙ্ঘনকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে পরামর্শ প্রদান করেন। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, দিনাজপুর নিত্য প্রয়োজনীয় পণ্যের খুচরা বাজার মূল্যের পরিসংখ্যান সভায় উপস্থাপন করেন। যা নিম্নরূপ:

| পণ্যের নাম | মাপের একক | আজকের | ১ সপ্তাহ পূর্বের | সাপ্তাহিক মূল্যের | | ১ মাস পূর্বের | সাপ্তাহিক মূল্যের | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | গড় মূল্য | গড় মূল্য | হ্রাস/বৃদ্ধির | | গড় মূল্য | হ্রাস/বৃদ্ধির | |
| | | ১৮/০২/২৪ | ১১/০২/২০২৩ | শতকরা হার | | ১৭/০১/২০২৪ | শতকরা হার | |
| চাল সরু -মিনিকেট | প্রতি কেজি | ৬৬.০০ | ৬৬.০০ | ০.০০ | % | ৬৬.০০ | ০.০০ | % |
| চাল-মাঝারি-ব্রি-২৮ | " | ৫৭.০০ | ৫৭.০০ | ০.০০ | % | ৫৭.০০ | ০.০০ | % |
| আমন চাল মোটা | " | ৪৮.০০ | ৪৮.০০ | ০.০০ | % | ৪৮.০০ | ০.০০ | % |
| আমন চাল মাঝারি সুমন | " | ৫১.০০ | ৫১.০০ | ০.০০ | % | ৪৯.০০ | ৪.০৮ | % |
| আটা-লুজ (সাদা) | " | ৪২.০০ | ৪৫.০০ | -৬.৬৭ | %(-) | ৪৬.০০ | -৮.৭০ | %(-) |
| ময়দা লুজ | " | ৫৫.০০ | ৫৬.০০ | -১.৭৯ | %(-) | ৫৮.০০ | -৫.১৭ | %(-) |
| মসুর ডাল (উ:) দেশী | " | ১৩০.০০ | ১৩০.০০ | ০.০০ | % | ১৩০.০০ | ০.০০ | % |
| মশুর ডাল (সাঃ) মানের | " | ১১০.০০ | ১১০.০০ | ০.০০ | % | ১১০.০০ | ০.০০ | % |
| খেসারী ডাল | " | ১০০.০০ | ১০০.০০ | ০.০০ | % | ১০০.০০ | ০.০০ | % |
| আস্ত ছোলা | " | ১০০.০০ | ১০০.০০ | ০.০০ | %(-) | ১০০.০০ | ০.০০ | % |
| সরিষার তেল উন্নত | প্রতি লিটার | ১৬৫.০০ | ১৬৫.০০ | ০.০০ | % | ১৬৫.০০ | ০.০০ | % |
| সয়াবিন তেল | " | ১৫৩.০০ | ১৫৩.০০ | ০.০০ | % | ১৫৩.০০ | ০.০০ | % |
| পাম অয়েল | " | ১২৭.০০ | ১২৭.০০ | ০.০০ | % | ১২৬.০০ | ০.৭৯ | %(+) |
| পিঁয়াজদেশি- | " | ১১০.০০ | ১০৫.০০ | ৪.৭৬ | %(+) | ৬৫.০০ | ৬৯.২৩ | % (+) |
| রসুন দেশী | প্রতি কেজি | ২৬০.০০ | ২৭০.০০ | -৩.৭০ | % | ২৮৫.০০ | -৮.৭৭ | % (-) |
| আদা দেশী | " | ২১০.০০ | ২১০.০০ | ০.০০ | % | ২১০.০০ | ০.০০ | % |
| আদা-আমদানীকৃত | " | ১৭০.০০ | ১৭০.০০ | ০.০০ | % | ১৯০.০০ | -১০.৫৩ | %(-) |
| শুকনা মরিচ-কারেন্ট | " | ৪৮০.০০ | ৪৮০.০০ | ০.০০ | % | ৪৮০.০০ | ০.০০ | % |
| কাঁচা মরিচ | " | ৪০.০০ | ৪৫.০০ | -১১.১১ | % | ৬৫.০০ | -৩৮.৪৬ | %(-) |
| চিনি | " | ১৪০.০০ | ১৪০.০০ | ০.০০ | % | ১৪০.০০ | ০.০০ | % |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| লবণ (এসিআই) | " | ৪০.০০ | ৪০.০০ | ০.০০ | % | ৪০.০০ | ০.০০ | % |
| আলু (হল্যান্ড) লাল | " | ২০.০০ | ২৫.০০ | -২০.০০ | %(-) | ৩৪.০০ | -৪১.১৮ | %(-) |
| গরুর মাংস | " | ৭০০.০০ | ৭০০.০০ | ০.০০ | % | ৭০০.০০ | ০.০০ | % |
| ব্রয়লার মুরগী | " | ১৯০.০০ | ১৯০.০০ | ০.০০ | % | ১৯০.০০ | ০.০০ | % |
| মাছ সিলভার কাপ | " | ১৯০.০০ | ১৯০.০০ | ০.০০ | % | ১৯০.০০ | ০.০০ | % |
| মাছ পাংগাস | " | ১৭০.০০ | ১৭০.০০ | ০.০০ | % | ১৭০.০০ | ০.০০ | % |
| ডিম ফার্ম | " | ৪৪.০০ | ৪৪.০০ | ০.০০ | % | ৪২.০০ | ৪.৭৬ | %(+) |

তিনি বলেন,গত এক মাসে পামতেল, পিঁয়াজ ও ডিমের মূল্য বৃদ্ধি পেয়েছে। অপরদিকে আটা, ময়দা, রসুন, আমদানীকৃত আদা, কাঁচা মরিচ ও আলুর মূল্য হ্রাস পেয়েছে। সবজির সরবরাহ বেশী থাকায় অধিকাংশ সবজির মূল্য হ্রাস পেয়েছে।

আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রনং : | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন-১৯৫৬ এর আলোকে বিধি লঙ্ঘনকারী বিশেষ করে ডিলিং লাইসেন্স ব্যতীত ব্যবসা পরিচালনাকারীদের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুর। |
| ২ | নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য বিশেষ করে আলু, দেশি পেঁয়াজ, ডিম সরকার নির্ধারিত মূল্যে বিক্রির জন্য বাজার মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুর।<br>৩। সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, দিনাজপুর।<br>৪। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, দিনাজপুর। |
| ৩ | নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে উপজেলা পর্যায়ে গঠিত টাস্কফোর্স কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানপূর্বক কার্যবিবরণীর কপি প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুর। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪/০৩/২৪

(শাকিল আহমেদ)
জেলা প্রশাসক
দিনাজপুর।
ফোন :০৫৩১-৬৫০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(ব্যবসা-বাণিজ্য শাখা)
www.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭০০.০১৮.০৩.০০১.২৩-৭৯(৪০)

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০ / ১৪/৩/২০২৪

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। যুগ্ম সচিব (আই আই টি-২), বাণিজ্য মন্ত্রণালয়, অবা-৩ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পুলিশ সুপার, দিনাজপুর।
৫। কমান্ডিং অফিসার, ৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, কুটিবাড়ী, দিনাজপুর।
৬। সিভিল সার্জন, দিনাজপুর।
৭। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
৮। উপজেলা নির্বাহী অফিসার, .......................... (সকল), দিনাজপুর।
৯। সহকারী কমিশনার (ভূমি)--------------------------(সকল), দিনাজপুর।
১০। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, দিনাজপুর।
১১। ............................................................................ দিনাজপুর।

১৪/৩/২০২৪

(দেবাশীষ চৌধুরী)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
দিনাজপুর।
ফোনঃ ০৫৩১৬৫১০৫-
adcgeneraldinajpur@gmail.com